॥ কলেজ প্রভাষক পদে চাকরির জন্য আবেদন ।

মো: সবুজ হোসাইন
বাংলা বিভাগ
01518 68 43 07

১০ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ
~~তাং ১৮-১০-২০১৮ ইং~~

বরাবর,
অধ্যক্ষ,
আতাইকুলা ডিগ্রি কলেজ,
আতাইকুলা পাবনা ,

বিষয় : প্রভাষক (ইংরেজি) পদে নিয়োগের জন্য আবেদন ।

জনাব,
সবিনয় নিবেদন এই যে, গত ১৫-১০-২০১৮ ইং তারিখে প্রকাশিত "দৈনিক প্রথম আলো" পত্রিকার নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম আপনার প্রতিষ্ঠানে ইংরেজি বিষয়ে একজন প্রভাষক নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য একজন প্রার্থী হিসেবে আমার পূর্ণ জীবন বৃত্তান্ত সহ অন্যান্য তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য পেশ করছি :

১. নাম : মো: সবুজ হোসাইন
২. পিতার নাম : মো: সাইদুল ইসলাম
৩. মাতার নাম : মোছা: আকলিমা খাতুন
৪. স্থায়ী ঠিকানা : গ্রাম: গনেশপুর, ডাক: বেরাড়ীয়া, থানা: আতাইকুলা জেলা - পাবনা ,
৫. বর্তমান ঠিকানা : বাড়ী নং- ১০৬, রোড নং - ০২ ; সেকশন - ০৭, মিরপুর, ঢাকা ।
৬. জন্ম তারিখ : ০৫-০২-১৯৯০
৭. ধর্ম : ইসলাম
৮. জাতীয়তা : বাংলাদেশি
৯. বৈবাহিক অবস্থা : অবিবাহিত
১০. মোবাইল নং : 01770436449

১১. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | শাখা | শ্রেণী/জি.পি.এ. | পাসের বছর | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| এস.এস.সি. | বিজ্ঞান | ৫.০০ | ২০০৫ | রাজশাহী |
| এইচ.এস.সি. | বিজ্ঞান | ৫.০০ | ২০০৭ | রাজশাহী |
| বি.এ (সম্মান) | ইংরেজি | দ্বিতীয় | ২০১১ | জাতীয় বিশ্ববিদ্যালয় |
| এম.এ. | ইংরেজি | দ্বিতীয় | ২০১২ | জাতীয় বিশ্ববিদ্যালয় |

১২. অভিজ্ঞতা: দুই বছর যাবৎ একটি বেসরকারি স্কুলে শিক্ষকতা।

অতএব, উপরি উক্ত আবেদনের প্রেক্ষিতে আমার সকল তথ্যাদি সদয় বিবেচনা পূর্বক উক্ত পদে আমাকে নিয়োগ দানের জন্য মহাত্মনের কাছে সুবিবেচনা প্রত্যাশা করছি।

নিবেদক-
মো: সবুজ হোসাইন।

সংযুক্তি:
১. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি
২. চারিত্রিক ও নাগরিকত্বের সনদ পত্র
৩. সদ্য তোলা ২ কোপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।
৪. অভিজ্ঞতার সনদ পত্র
৫. ৩০০ টাকার ব্যাংক ড্রাফট।

ডাকটিকিট

প্রেরক,
নাম : মো: সবুজ হোসাইন
গ্রাম : গনেশপুর
থানা : আতাইকুলা
জেলা : পাবনা।

প্রাপক,
অধ্যক্ষ,
আতাইকুলা ডিগ্রি কলেজ,
আতাইকুলা পাবনা।

# কোন শিল্প প্রতিষ্ঠানে ম্যানেজার পদে নিয়োগের জন্য আবেদন
# কোন বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিসার পদে' নিয়োগের জন্য...
# কোন বেসরকারি প্রতিষ্ঠানে 'অফিস সহকারী' পদে ---

তারিখ: ২২-১০-২০১৮ ইং

বরাবর,
ব্যবস্থাপনা পরিচালক,
তিতাস গ্যাস প্রাইভেট লিমিটেড
মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

বিষয়: ম্যানেজার পদের জন্য আবেদন।

জনাব,
সবিনয় নিবেদন এই যে, গত ২০-১০-২০১৮ ইং তারিখে প্রকাশিত 'দৈনিক প্রথম আলো' পত্রিকার নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে আপনার প্রতিষ্ঠানে ম্যানেজার নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য একজন প্রার্থী হিসেবে আমার পূর্ণ জীবন বৃত্তান্ত সহ অন্যান্য তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য পেশ করছি।

অভিজ্ঞতা: আমি গত ০২.০৮.২০১২ সাল থেকে আতাইকুলার খাদিজা গ্রুপে ম্যানেজার পদে দায়িত্বরত আছি।

# প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদন।
# মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে চাকরির জন্য আবেদন।
# কোন শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী শিক্ষকের পদে চাকরির জন্য আবে

তারিখ: ২২-১০-২০১৮ ইং

বরাবর,
মহাপরিচালক,
প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর
বা, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর,
মিরপুর, ঢাকা।

বিষয়: সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদন।

জনাব,
সবিনয় নিবেদন এই যে, গত ১৫-১০-২০১৮ইং তারিখে প্রকাশিত 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর/মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে প্রাথমিক বিদ্যালয়ে/মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের একটি বিজ্ঞাপন প্রকাশিত হয়েছে উক্ত পদের জন্য আমি একজন প্রার্থী হিসেবে আমার পূর্ণ জীবন বৃত্তান্ত সহ অন্যান্য তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য পেশ করছি -

[বি.দ্র. প্রাথমিক বিদ্যালয়ের "সহকারী শিক্ষক" পদের ক্ষেত্রে "মহাপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জেলা-'ক'" এর বরাবর লিখতে হবে।]